

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৫৪

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ নামাযের ভিতরে, শেষাংশে ও পরের যিকর ও দু'আ

আরবী

وَعَنْ ثَوبَانَ قَالَ : كَانَ رَسُوْلُ اللهِ عَيَالِي إِذَا انْصَرَفَ مِنْ صَلَاتِهِ اسْتَغْفَرَ ثَلاثاً وَقَالَ اَللّٰهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلاَمُ تَبَارَكْتَ يَاذَا الجَلاَلِ وَالإِكْرَامِ قِيلَ لِلأَوْزَاعِيِّ وَهُوَ أَحَدُ رُوَاةِ الْحَدِيثِ : كَيْفَ الإِسْتِغْفَارُ ؟ قَالَ : يَقُولُ : أَسْتَغْفِرُ الله أَسْتَغْفِرُ الله رواه مسلم

বাংলা

(৩৭৫৪) সাওবান (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামায থেকে সালাম ফিরার পর ঘুরে বসতেন, তখন তিনবার 'ইস্তিগফার' (ক্ষমা প্রার্থনা) করতেন আর পড়তেন, 'আল্লাহুম্মা আন্তাস সালামু অমিনকাস সালামু তাবারাকতা ইয়া যাল-জালালি অল-ইকরাম। অর্থাৎ, হে আল্লাহ! তুমি শান্তিময়, তোমার নিকট থেকেই শান্তি আসে। তুমি বরকতময় হে মহিমান্বিত ও মহানুভব।

এ হাদীসটির অন্যতম বর্ণনাকারী আওযায়ী (রহঃ) কে প্রশ্ন করা হল, 'ইস্তিগফার' কীভাবে হবে? উত্তরে তিনি বললেন, বলবে, 'আস্তাগফিরুল্লাহ, আস্তাগফিরুল্লাহ।' (অর্থাৎ, আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি।)

ফুটনোট

(মুসলিম ১৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন